

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
কর্মসম্পাদন ব্যবস্থাপনা



সমাজকল্যাণ মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ নজরুল ইসলাম অতিরিক্ত সচিব
সভার তারিখ	৩০ জানুয়ারি ২০২৪
সভার সময়	বেলা ১১.০০ টা
স্থান	জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২.০ আলোচনা

২.১ ভার্সুয়াল সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়ন অগ্রগতির ২য় কোয়ার্টারের ফিডব্যাক সংক্রান্ত সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনাকে অনুরোধ করেন।

২.২ সভায় দপ্তর/সংস্থার দাখিলকৃত ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ সভায় উপস্থাপন করা হয়। ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনায় ১.৬ কার্যক্রমের লক্ষ্যমাত্রায় বর্ণিত রয়েছে যে, আগামী ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে দপ্তর/সংস্থার দাখিলকৃত শুদ্ধাচার কর্মপরিকল্পনার ওপর ফিডব্যাক প্রদান করতে হবে।

২.৩ সভায় উল্লেখ করা হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২২৩-২৪ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সফটওয়্যারে প্রমাণকসহ জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, মৈত্রী শিল্প, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন শুদ্ধাচার সংক্রান্ত সফটওয়্যারে দাখিল করেছেন। অন্যদিকে সমাজসেবা অধিদপ্তর প্রতিবেদনসহ প্রমাণকসমূহ দাখিল করেনি।

২.৪ সমাজসেবা অধিদপ্তর শুদ্ধাচার সংক্রান্ত সফটওয়্যারে ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন দাখিল না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। যথাসময়ে প্রমাণকসহ সমাজসেবা অধিদপ্তরসহ সকল দপ্তর/সংস্থা শুদ্ধাচার সংক্রান্ত সফটওয়্যারে প্রতিবেদন দাখিল করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

২.৫ দপ্তর/সংস্থাকে তাঁর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান করে

ফিডব্যাকের তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় পরামর্শ দেয়া হয়।

৩.০ সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনা/পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক. মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়নকৃত ০৬টি দপ্তর/সংস্থার ফিডব্যাক প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করতে হবে;

খ. সমাজসেবা অধিদপ্তরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন অনতিবিলম্বে দাখিল করতে হবে;

গ. দপ্তর/সংস্থাকে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতির ওপর ফিডব্যাক প্রদান করে ফিডব্যাকের তথ্য স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশপূর্বক মন্ত্রণালয়কে জানাতে হবে।

ঘ. নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-কে ক্রমিক ৩ এর কার্যক্রমের নম্বর বন্টন সংশ্লিষ্ট নির্দেশিকার নির্ধারিত নম্বর অনুযায়ী ছকে ৫ উল্লেখ করতে হবে এবং ৩.৬ নং ক্রমিকে ৭ উল্লেখ করতে হবে।

ঙ. বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের ক্রমিক ৩ এর ৩.২, ৩.৩ ও ৩.৪ নং কার্যক্রমের নম্বর বন্টন সংশ্লিষ্ট নির্দেশিকার নির্ধারিত নম্বর অনুযায়ী ছকে ৫ উল্লেখ করতে হবে এবং ৩.৫ নং ক্রমিকে ৫ উল্লেখ করতে হবে।

চ. শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প) এর ক্রমিক ৩ এর ৩.২, ৩.৩ ও ৩.৪ নং কার্যক্রমের নম্বর বন্টন সংশ্লিষ্ট নির্দেশিকার নির্ধারিত নম্বর অনুযায়ী ছকে ৫ উল্লেখ করতে হবে এবং ৩.৬ নং ক্রমিকে ৭ উল্লেখ করতে হবে।

ছ. শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট এর ক্রমিক ৩ এর ৩.২, ৩.৩ ও ৩.৪ নং কার্যক্রমের নম্বর বন্টন সংশ্লিষ্ট নির্দেশিকার নির্ধারিত নম্বর অনুযায়ী ছকে ৫ উল্লেখ করতে হবে এবং ৩.৬ নং ক্রমিকে ৭ উল্লেখ করতে হবে।

০৪। আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ নজরুল ইসলাম
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪১.০০.০০০০.০২৭.১৬.০০১.১৯.৪


তারিখ: ১৬ মাঘ ১৪৩০

৩০ জানুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) সমাজকল্যাণ মন্ত্রণালয় এর ৬টি দপ্তর/সংস্থা প্রধান
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৩) সিস্টেম এনালিস্ট, আইসিটি ও ইনোভেশন শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)


১০.০২.১০১৪

মোঃ সিরাজুল হক
সহকারী সচিব